গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার-এর

স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

ও

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের মধ্যে সম্পাদিত

সমঝোতা স্মারক

**বিষয়: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত Establishing Digital Connectivity (EDC) প্রকল্পের অর্থায়নে নবনির্মিত সকল উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবনের উর্ধ্বমুখী সম্প্রসারণপূর্বক ৫ম/৬ষ্ঠ তলায় ৪০০০ (চার হাজার) বর্গফুট ফ্লোর এরিয়া ব্যবহার।**

যেহেতু তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন Establishing Digital Connectivity (EDC) শীর্যক প্রকল্পের আওতায় সারা দেশে প্রতিটি উপজেলায় নেটওয়ার্ক সুইচরুম, উপজেলা নেটওয়ার্ক অপারেশন সেন্টার, উপজেলা আইসিটি সার্ভিস ডেস্ক, উপজেলা আইসিটি ট্রেনিং ল্যাব ও অফিস স্থাপনের জন্য একটি করে আইসিটি অবকাঠমো আইসিটি হাব স্থাপনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে;

এবং

**"ডিজিটাল বাংলাদেশ"** বাংলাদেশ সরকারের ভিশন ২০২১ এর অবিচ্ছেদ্য অংশ;

এবং

বাংলাদেশের সমগ্র একুশ শতকের উপযোগী মানব সম্পদ উন্নয়ন করা অত্যন্ত জরুরি;

এবং

ডিজিটাল কানেকটিভিটি স্থাপন এবং ই-গর্ভন্যান্সের মাধ্যমে সরকারি সেবা পৌছানোর মধ্য দিয়ে দেশের প্রান্তিক জনসাধারণের নিকট সেবা প্রদান নিশ্চিত করা;

এবং

ডিজিটাল প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে ব্যক্তি খাতকে প্রতিযোগিতামূলক এবং উৎপাদনমূখীরূপে গড়ে তুলতে উৎসাহিত করা প্রয়োজন;

এবং

যেহেতু,

জাতীয় তথ্য বাতায়নে নিয়মিত তথ্য হালনাগাদ; ই-গর্ভন্যান্স প্রতিষ্ঠায় ই-ফাইলিং বাস্তবায়নে কারিগরি সহায়তা; মাঠ পর্যায়ে অন্যান্য সরকারি প্রতিষ্ঠানের কর্মকর্তা-কর্মচারীগণকে সহায়তা ও প্রশিক্ষণ প্রদানসহ আইসিটি সম্পর্কিত সকল ধরণের সহায়তা প্রদানের প্রয়োজনীয়তা রয়েছে;

সেহেতু,

এক্ষণে স্থানীয় সরকার বিভাগ এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ নিম্নোক্ত শর্তাবলী প্রতিপালনে একমত হয়েছে;

১. স্থানীয় সরকার বিভাগ প্রতিটি নতুন উপজেলা কমপ্লেক্স ভবনে একটি তলা (৫ম তলা/৬ষ্ঠ তলা) উর্ধ্বমুখী সম্প্রসারণ করার জন্য অনধিক ৪০০০ (চার হাজার) বর্গফুট জায়গা বরাদ্দ প্রদান করবে।

২. স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর প্রতিটি উপজেলা কমপ্লেক্স ভবনে একটি তলা উর্ধ্বমুখী সম্প্রসারণ কাজ সম্পাদন করবে।

৩. মহাপরিচালক, তথ্য ও প্রযুক্তি অধিদপ্তর (DoICT) প্রতিটি উপজেলা কমপ্লেক্স ভবনে একটি তলা উর্ধ্বমুখী সম্প্রসারণ করার জন্য ডিপোজিট ওয়ার্ক হিসেবে প্রয়োজনীয় তহবিল সরবরাহ করবে।

৪. স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (LGED) কর্তৃক উপজেলা কমপ্লেক্স ভবনসমূহের উর্ধ্বমূখী সম্প্রসারণ কাজ সমাপ্ত হওয়ার পর উল্লিখিত স্থাপনা তথ্য ও যোগাযেগ প্রযুক্তি অধিদপ্তর (DoICT) এর কাছে উপজেলা পরিষদের মাধ্যমে হস্তান্তর করবে।

৫. নির্মিত স্থাপনায়/ফ্লোরে কোন ভারী মেকানিক্যাল সরঞ্জাম যেমন জেনারেটর স্থাপন করা যাবে না এবং স্থাপনায় ১(এক)টি কক্ষ বাস্তবতার আলোকে উপজেলা পরিষদের দাপ্তরিক প্রয়োজনে ব্যবহার করতে পারবে।

৬. এ সমঝোতা স্মারক স্বাক্ষরের পর প্রতি ০৩ (তিন) বছর অন্তর অন্তর এ ফ্লোর যে উদ্দেশ্যে নির্মাণ করা হয়েছে তা যথাযথভাবে প্রতিপালিত হচ্ছে কিনা, সেটি স্থানীয় সরকার বিভাগ ও তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ যৌথভাবে মূল্যায়ন ও পরিবীক্ষণ করবে এবং সে অনুযায়ী পরবর্তী সিদ্ধান্ত গৃহীত হবে।

৭. প্রস্তাবিত কার্যক্রম শুরুর আগে যে কোন পক্ষ অন্য পক্ষকে এক মাসের লিখিত নোটিশের মাধ্যমে সমঝোতা স্মারকের অবসান ঘটাতে পারবে। তবে ব্যবহারের শর্ত বহির্ভূত কোন কাজ করলে ১ম পক্ষ যে কোন সময় এই চুক্তির অবসান ঘটাতে পারবে।

এ সমঝোতা স্মারকের বিধানসমূহ কার্যকর করার লক্ষ্যে উভয় পক্ষের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তাগণ অদ্য ২৭/১২/২০২০ খ্রি: তারিখে এ স্মারকে স্বাক্ষর করলেন।

27/12/2020

স্থানীয় সরকার বিভাগের পক্ষে
সিনিয়র সচিব

২৭/১২/২০২০

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের পক্ষে
সিনিয়র সচিব

সাক্ষীগণ

(১)

**দীপক চক্রবর্তী**
অতিরিক্ত সচিব (প্রশাসন)
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

(২)

কাজী **আশরাফ উদ্দীন**
**অতিরিক্ত সচিব**
স্থানীয় সরকার বিভাগ
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সাক্ষীগণ

(১)

মোহাঃ মাসুম বিল্লাহ
সিস্টেমস্ ম্যানেজার

(২)

**মো. ওয়াদুদুর রহমান**
**প্রোগ্রামার**
**তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর**
**আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।**